দৈনিক খবর 55

তারিখ ... DEC 1990 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

শিক্ষকদের অবহেলার অভিযোগ ঃ

# ভালুকায় প্রাথমিক শিক্ষায় মারাত্মকদুর্যোগ

ভালুকা (ময়মনসিংহ), ২৩শে ডিসেম্বর (নিজস্ব সংবাদদাতা)।– উপজেলার প্রায় সবকটি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকদের অবহেলিত শিক্ষা ব্যবস্থায় মারাত্মক দুর্যোগ নেমে এসেছে।

অভিযোগে প্রকাশ, প্রায় সকল বিদ্যালয়েই শিক্ষকরা নিজেদের খেয়ালখুশিমত যান। জানা গেছে, শিক্ষকরা নিজ নিজ বাড়ীর পার্শ্ববর্তী বিদ্যালয়ে শিক্ষকতা করেন। ফলে তাদের গৃহস্থালী কার্যাদি সম্পন্ন করার সুবিধা অনুযায়ী বিদ্যালয়ে আসেন।

ডিসেম্বরের প্রথম সপ্তাহে প্রাথমিক বিদ্যালয়ের বার্ষিক পরীক্ষা চলাকালীন উপজেলার ২৩নং প্রাথমিক বিদ্যালয়ে কোন একদিন চারজন শিক্ষকের মধ্যে মাত্র দু'জন শিক্ষককে পরীক্ষার হল নিয়ন্ত্রণের দায়িত্ব পালন করতে দেখা গেছে। অবশ্য পরে বেলা ১টা নাগাদ অন্যান্য শিক্ষকেরা বিদ্যালয়ে আসেন। ঐ বিদ্যালয়ে ছাত্র হাজিরা খাতায় এখনো ডিসেম্বর মাসের পাতায় ছাত্র/ছাত্রীদের নাম উঠানো হয়নি বলে জানা যায়। একারণেই পরীক্ষা চলাকালীন সময়ে ছাত্র-ছাত্রীদের নাম ডাকা হয়নি।

এ ব্যাপারে জানতে চাইলে জনৈক শিক্ষক মোবারক হোসেন বলেন, এসব আমাদের ব্যাপার। এ ব্যাপারটি সহকারী উপজেলা শিক্ষা অফিসারকে অবহিত করলে তিনি কোন মন্তব্য করেননি।

শিক্ষা বিভাগের কর্মকর্তা ও প্রাথমিক শিক্ষকদের যোগসাজশে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা দুর্নীতির স্বর্গরাজ্যে পরিণত হয়েছে। অথচ ঐদিকে সরকার '৯১ সাল থেকে প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক ঘোষণা দেন।

এ ব্যাপারে অভিজ্ঞ মহল মনে করেন যে, প্রাথমিক শিক্ষার প্রশাসনিক ব্যবস্থার উন্নতি না হলে এটা জনগণের জন্য তেমন সুফল বয়ে আনবে না।